**REGIONAL NEWS UNIT**

**ALL INDIA RADIO, AGARTALA**
**Date:26-05-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Cancellation of Flights :**

ঘূর্ণিঝড় রেমালের সম্ভাব্য প্রভাবের আশঙ্কায় কলকাতা বিমানবন্দর কর্তৃপক্ষ  আজ দুপুর ১২টা থেকে আগামীকাল সকাল ৯টা পর্যন্ত সব রকম বিমান চলাচলে নিষেধাজ্ঞা জারি করেছে। ফলে আজ দুপুর ১২টার পর থেকে আগামীকাল সকাল পর্যন্ত আগরতলা-কলকাতার মধ্যে সব বিমান বাতিল করা হয়েছে বলে জানিয়েছে আগরতলা এয়ারপোর্ট ম্যানেজার স্মিতা প্রকাশ। তিনি জানান ইন্ডিগোর ৭টি বিমান ও এয়ার ইন্ডিয়ার ২টি বিমান বাতিল করা হয়েছে। তবে ব্যাঙ্গালোর ও গুয়াহাটি বিমানবন্দর কতৃপক্ষ এখন পর্যন্ত কোনো কিছু জানায় নি বলে তিনি জানান।

****************************************

**Election 6th phase :**

অষ্টাদশ লোকসভা নির্বাচনের ষষ্ঠ পর্বের ভোটগ্রহণ গতকাল শেষ হয়েছে। এই পর্যায়ে ছয়টি রাজ্য ও দুটি কেন্দ্রশাসিত অঞ্চলের মোট ৫৮টি সংসদীয় আসনে ভোট নেয়া হয়। রাত সাড়ে ১১টা পর্যন্ত প্রাপ্ত খবরে জানা গেছে ৬১.০১ শতাংশ ভোট পড়েছে।

এই পর্বে মোট ৮৮৯ জন প্রার্থী রয়েছেন। যে বিশিষ্ট প্রার্থীদের ভাগ্য গতকাল ইভিএম বন্দী হয়েছে, তাদের মধ্যে রয়েছেন, বরিষ্ঠ বিজেপি নেতা ধর্মেন্দ্র প্রধান, মানেকা গান্ধী, মনোহর লাল খট্টর, মনোজ তিওয়ারি, কংগ্রেস নেতা দীপেন্দ্র সিং হুডা, কুমারী শৈলজা, রাজ বব্বর এবং কানহাইয়া কুমার, সমাজবাদী পার্টির নেতা ধর্মেন্দ্র যাদব এবং পিডিপি প্রধান মেহবুবা মুফতি। এই পর্বে ১লক্ষ ১৪ হাজার ভোটকেন্দ্রে ভোট নেয়া হয়।এই পর্বে ১১ কোটিরও বেশি ভোটার ছিলেন।

*************************************

**Felicitation :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল তাঁর সরকারী বাসভবনে ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রথম তিন স্থানাধিকারীদের শুভেচ্ছা জানান। তাছাড়া বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ পরিচালিত ২০২৪ সালের উচ্চমাধ্যমিক পরীক্ষার সম্ভাব্য প্রথম হরিনা দ্বাদশ স্কুলের ছাত্রী দেবশ্রী বল, মেধা তালিকায় চতুর্থ স্থানাধিকারী মনু উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের কৃতী ছাত্রী জয়তী দেবনাথ ও ষষ্ঠ স্হানাধিকারী নবজিৎ সাহাকে তাদের বাড়ি গিয়ে অভিনন্দন জানান এবং ভবিষ্যতে জীবনে তাদের সাফল্য কামনা করেন।

বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য মাধ্যমিক পরীক্ষায় সম্ভাব্য তৃতীয় পূর্বা বিশ্বাসের সাথে দেখা করে শুভেচ্ছা জানান।

************************************

**Training for new law :**

ত্রিপুরা জুডিশিয়াল একাডেমিতে সরকারি আইনজীবীদের নিয়ে গতকাল থেকে নতুন তিনটি ফৌজদারি আইন যথাক্রমে ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা এবং ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম এর উপর দুদিন ব্যাপী প্রশিক্ষণ শিবির শুরু হয়েছে।জুডিশিয়াল একাডেমি সুত্রে প্রাপ্ত খবর অনুযায়ী বাইরের রাজ্য থেকে আইনি বিশেষজ্ঞরা এই প্রশিক্ষণ দিচ্ছেন। এখন দুদিন পশ্চিম জেলার সরকারি আইনজীবীদের প্রশিক্ষণ হচ্ছে। পরবর্তী সময়ে বাকি জেলার সরকারি আইনজীবীদের প্রশিক্ষণ হবে। এদিকে, জুডিশিয়াল অফিসারদেরও এই মাসে দুই ধাপে নতুন তিনটি আইন নিয়ে প্রশিক্ষন দেওয়া হচ্ছে বলে জানা গেছে ।

---

**Nazrul Jayanti-Belonia :**

ত্রিপুরা সংস্কৃতি সমন্বয় কেন্দ্র, এসএফআই ও ডিওয়াইএফআই-র উদ্যোগে গতকাল বিলোনিয়ায় বিদ্রোহী কবি নজরুল ইসলামের ১২৫তম জন্ম জয়ন্তী পালিত হয়। উপস্থিত ছিলেন বিধায়ক দীপংকর সেন, সংস্কৃতি সমন্বয় কেন্দ্রের মহকুমা সভাপতি রতন ভৌমিক, সম্পাদক লিটন চক্রবর্তী প্রমুখ। অনুষ্ঠানে কবির জীবনী নিয়ে আলোচনা করেন বিধায়ক দীপংকর সেন।

**********************

**SP-North :**

আসন্ন অষ্টাদশ লোকসভা নির্বাচনের গণনা উত্তর জেলার ধর্মনগর, পানিসাগর এবং কাঞ্চনপুরে হবে বলে গতকাল জানিয়েছেন উত্তর ত্রিপুরা জেলার পুলিশ সুপার ভানুপদ চক্রবর্তী। তিনি জানান, কাউন্টিংহলে যেখানে ইভিএম রাখা হয়েছে সেখানে

সিআরপিএফ, টি এস আর ও রাজ্য পুলিশ মোতায়ন রয়েছে। তাছাড়া ভোট গণনা ও ভোট গণনার পর উত্তর জেলায় যাতে শান্তি বিরাজ করে সেই লক্ষ্যে বাড়তি নিরাপত্তা কর্মীদের উত্তর জেলায় পাঠাবার জন্য আবেদন জানানো হয়েছে বলে তিনি জানান।

***************************

**Traffic Abhijan :**

শহরকে যানজট মুক্ত রাখার অঙ্গ হিসেবে গতকাল জগন্নাথ বাড়ি রোডে অভিযান চালায় ট্রাফিক দপ্তর। এদিন অভিযানে নেমে রাস্তায় বেআইনিভাবে গাড়ি পাকিং করার জন্য মালিকদের নোটিশ পাঠানো হয়েছে। তাঁদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হবে বলে ও ট্রাফিক দপ্তর সূত্রে জানা গেছে। এই অভিযান আগামীদিনেও বজায় থাকবে বলে জানিয়েছে দপ্তর।

---

**TSECL M.D :**

বিদ্যুৎ ব্যবহার নিয়ে বিদ্যুৎ নিগমের কাছে লোড ডিক্লেয়ারেশন দেবার জন্য বিদ্যুৎ গ্রাহকদের কাছে অনুরোধ জানিয়েছেন ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগমের ম্যানেজিং ডিরেক্টর দেবাশিস সরকার। আকাশবাণীর সঙ্গে এক সাক্ষাৎকারে তিনি জানান, রাজ্যে গরম পড়ার সঙ্গে সঙ্গে বিদ্যুৎ ব্যবহার বেড়েছে। ইতিমধ্যেই দৈনিক ৩৬০ মেগাওয়াট পর্যন্ত চাহিদা পৌঁছেছে। তিনি বলেন, বিদ্যুতের পর্যাপ্ত যোগান থাকা সত্বেও এসি মেশিন সহ বিদ্যুৎ সরঞ্জামের ব্যবহার বৃদ্ধি পাওয়ায় বিদ্যুৎ সরবরাহ বিভিন্ন সময়ে বিঘ্নিত হচ্ছে। এতে বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থার যন্ত্রাংশ ক্ষতিগ্রস্ত হচ্ছে।

*****************************

**Update Akashvani :**

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ, ডব্লিউ, ডব্লিউ ডট, নিউজ অন এআইআর ডট কম এবং নিউজ অন এআইআর অ্যাপ, এবং টুইটার অর্থাৎ এক্স প্ল্যাটফর্মে। আপডেট পেতে দেখুন আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এআইআর নিউজ আগরতলা এবং ইউ টিউবে এআইআর নিউজ আগরতলা।

**************************

**Weather :**

ভারতের আবহাওয়া দপ্তর জানিয়েছে যে উত্তর বঙ্গোপসাগরে ঘূর্ণিঝড় রেমাল এখন পশ্চিমবঙ্গের সাগর দ্বীপপুঞ্জের প্রায় ২৯০ কিলোমিটার দক্ষিণ-দক্ষিণ-পূর্বে, বাংলাদেশের খেপুপাড়ার ৩০০ কিলোমিটার দক্ষিণ-দক্ষিণ-পশ্চিমে এবং ৩২০ কিলোমিটার দক্ষিণ দক্ষিণ-পূর্বে অবস্থান করছে। পশ্চিমবঙ্গের ক্যানিংয়ের পূর্বে। আইএমডি জানিয়েছে, এটি আগামী ৬ ঘন্টার মধ্যে তীব্র ঘূর্ণিঝড়ে পরিণত হবে।

ঘূর্ণিঝড় রেমাল আজ মধ্যরাতে বাংলাদেশের খেপুপাড়া ও পশ্চিমবঙ্গ উপকূলের সাগরদ্বীপ অঞ্চলে আছড়ে পড়তে পারে। ঘূর্ণিঝড় রেমালের প্রভাবে রাজ্যেরও সবকয়টি জেলায় ঝড় ও অতি ভারী বৃষ্টির সতর্কতা জারি করা হয়েছে। এই ঘূর্ণিঝড়ের সর্বোচ্চ গতিবেগ হতে পারে ঘন্টায় ১২০ কিলোমিটার। এই সময়ে রাজ্যে ঝড়ো হওয়ার গতিবেগ হতে পারে ঘন্টায় ৪০ কিলোমিটার থেকে সর্বোচ্চ ৭০ কিলোমিটার। রেমালের উত্তর ওড়িশার উপকূলীয় এলাকায় বিচ্ছিন্নভাবে ভারী বৃষ্টিপাত হতে পারে। উত্তর-পূর্বাঞ্চলের অন্যান্য রাজ্যেগুলিতেও ঝড়ো হাওয়া ও অতি ভারী বৃষ্টিপাতের সতর্কতাও জারি করা হয়েছে।

আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে আজ আকাশ আংশিকভাবে মেঘাচ্ছন্ন থাকবে। ভোরে তাপমাত্রা ছিল ২৪ ডিগ্রি। সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩১ ডিগ্রির কাছাকাছি। ভোর সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে ৩৩ দশমিক ৬ মিলিমিটার। ধলাই, গোমতী, পশ্চিম জেলা, খোয়াইতে ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার ঝোড়ো হাওয়া সহ ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।

*************************